# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

**উপজেলা** কার্যালয়, ডিমলা, নীলফামারী
doict.dimla.nilphamari.gov.bd

## এক নজরে আমাদের সম্পর্কে

**অধিদপ্তরের নামঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

**প্রশাসনিক বিভাগঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

**প্রশাসনিক মন্ত্রণালয়ঃ** ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

**প্রতিষ্ঠাকালঃ** ৩১ জুলাই, ২০১৩

### রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একটি স্বচ্ছ, দায়বদ্ধ ও জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা; দক্ষ মানব সম্পদ উন্নয়ন; সামাজিক ন্যায়পরায়ণতা নিশ্চিতকরণ এবং সরকারি ও বেসরকারি খাতের অংশীদারিত্বে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞানভিত্তিক উন্নত রাষ্ট্রে পরিণত করা।

### মিশনঃ

উচ্চ গতির ইলেক্ট্রনিক যোগাযোগ, ই-সরকার, দক্ষ তথ্যপ্রযুক্তি মানবসম্পদ উন্নয়ন, সাইবার নিরাপত্তা, তথ্যপ্রযুক্তিগত নিত্য-নতুন ধারণা বাস্তবায়ন, কার্যকর সমন্বয় সাধন, প্রযুক্তিগত ধারণা সকলের মাঝে বিস্তার নিশ্চিতকরণ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো, নির্ভরযোগ্য রক্ষণাবেক্ষণ পদ্ধতি এবং আকর্ষণীয় প্রযুক্তিগত সার্ভিস প্রতিষ্ঠা।

### কৌশলগত উদ্দেশ্যঃ

১। দেশের সর্বনিম্ন স্তর পর্যন্ত উচ্চ গতির ইলেক্ট্রনিক সংযোগ ব্যবস্থা সৃষ্টি করা।

২। সারা দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট সেবা প্রদানের উদ্দেশ্যে যথাযথ অবকাঠামো সৃষ্টি করা।

৩। সরকারি ও বেসরকারি পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট কর্মকান্ডের সমন্বয় সাধন।

৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট অবকাঠামো হতে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের উদ্দেশ্যে কার্যকর রক্ষণাবেক্ষণ।

৫। সরকারি পর্যায়ে দক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রফেশনাল সৃষ্টির লক্ষ্যে আইসিটি সার্ভিস সৃষ্টি।

৬। দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তির জন্য প্রশিক্ষিত জনবলের সক্ষমতা বৃদ্ধি।

৭। সরকার ও জনগণের সকল স্তরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জ্ঞান সম্প্রসারণ।

৮। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট আইন, নীতিমালা, গাইডলাইন প্রমিতকরণ ও প্রস্তুতকরণ।

৯। আইসিটি সেবা ও পণ্যের ব্যবহারের ক্ষেত্রে ইন্টার-অপারেবিলিটি সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ।

১০। গবেষণা, নিত্য- নতুন প্রযুক্তি উদ্ভাবন এবং প্রয়োগে সার্বিক সহযোগিতা প্রদান।

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নির্দেশিত প্রধান কার্যক্রমসমূহঃ

১। **ডিজিটাল সরকার (ই-গভর্নেন্স)**- ওয়েব পোর্টাল ও ই-নথি বাস্তবায়ন, নাগরিক সেবা অটোমেশনে সহায়তা, আইসিটি সাপোর্ট প্রদান ইত্যাদি।

২। **ডিজিটাল সক্ষমতা উন্নয়ন (মানব সম্পদ উন্নয়ন)**- আইসিটি বিষয়ক প্রশিক্ষণ, ই-নথি প্রশিক্ষণ, ওয়েব পোর্টাল প্রশিক্ষণ, ICT in Education Literacy Training, নারী উদ্যোক্তা উন্নয়ন, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ইত্যাদি।

৩। **অবকাঠামো উন্নয়ন**- শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন, বিশেষায়িত ল্যাব স্থাপন, সাধারণ তথ্য প্রযুক্তি অবকাঠামো স্থাপন, শেষমাইল পর্যন্ত উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপন, ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন, ডিজিটাল ভিলেজ স্থাপন, পয়েন্ট অব ইন্টারকানেক্ট(POI)স্থাপন ইত্যাদি।

৪। **ইন্ডাস্ট্রি প্রমোশন**- ডিজিটাল বাংলাদেশ দিবস, জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা, বিপিও সামিট বাংলাদেশ, বিজনেস প্রোসেস আউটসোর্সিং এর ইয়ুথ এনগেজমেন্ট প্রোগ্রাম, জাতীয় ইন্টারনেট সপ্তাহ, উন্নয়ন মেলা ইত্যাদি বাস্তবায়ন ও নিয়মিত ভাবে আইসিটি বিষয়ক কমিটির সভা আয়োজন করা।

## এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অন্যতম কার্যাবলীর মধ্যে রয়েছেঃ

১। সরকারের সকল পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ এবং সমন্বয় সাধন।
২। সরকারী প্রতিষ্ঠান ও জনবলের সমতা উন্নয়নে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন।
৩। তথ্যপ্রযুক্তি বিষয়ক বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/ইভেন্ট আয়োজন।
৪। সকল পর্যায়ে তথ্যপ্রযুক্তির কারিগরি ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর।
৫। সকল পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান।
৬। তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট জনবলের সমতা উন্নয়নে নিয়োগ, পদোন্নতি এবং পদায়ন।
৭। যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টার-অপারেবিলিটি নিশ্চিতকরণ।
৮। তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানে উদ্যোগ গ্রহণ এবং এতদ্বিষয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা।
৯। মাঠ পর্যায় পর্যন্ত সকল দপ্তরে আইসিটির'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদান।
১০। অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারীদের মেধা, অভিজ্ঞতা, যোগ্যতার যথাযথ মূল্যায়নের মাধ্যমে যথাযথ মর্যাদা প্রদান ও স্বার্থ সংরক্ষণ।

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের চলমান কার্যক্রমঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর(DoICT) প্রতিষ্টালগ্ন (৩১/০৭/২০১৩ খ্রিঃ) হতে দেশের প্রান্তিক পর্যায় (সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন) পর্যন্ত তথ্যপ্রযুক্তির সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠা ও সমন্বয় সাধনের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জ্ঞানভিত্তিক অর্থনীতি, সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এর আওতাধীণ দপ্তর/সংস্থাগুলো কাজ করে যাচ্ছে।মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশেষ উদ্যোগসহ বর্তমান সরকারের লক্ষ্যমাত্রার উল্লেখযোগ্য বিষয় যেমন- আমার গ্রাম আমার শহর, তারুণ্যের শক্তি, মানসম্মত শিক্ষা, নারীর ক্ষমতায়ন ও অন্যান্য বিষয় নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নানামুখী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে কাজ করে যাচ্ছে।

তথ্যপ্রযুক্তি খাত বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নে একটি উল্লেখযোগ্য খাত। তথ্য প্রযুক্তি খাতের অবকাঠামোগত উন্নয়ন, কর্ম-সংস্থাপন সৃষ্টি, ই-গভর্নেন্স প্রতিষ্ঠা এবং আইসিটি শিল্পের বিকাশে বিভিন্ন ধরণের প্রকল্প ও কর্মসূচি মাঠ পর্যায়ে চলমান রয়েছে।

সরকারী অফিসসমূহের ওয়েবপোর্টাল নালনাগাদকরণে ও দেশব্যাপী ই-নথি বাস্তবায়নে কারিগরি সহায়তাসহ সরকারী জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানেও আইসিটি অধিদপ্তর কাজ করে যাচ্ছে। এছাড়াও সকল পর্যায়ে তথ্যপ্রযুক্তির কারিগরি ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর, আইসিটি সম্পর্কিত যন্ত্রপাতিসহ সফটওয়্যারের চাহিদা, মান ও ইন্টারঅপারেটিবিলিটি নিশ্চিতকরণ এবং স্পেসিফিকেশন প্রণয়নে সহায়তা প্রদান, আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা ও উন্নয়ন, ডিজিটাল স্বাক্ষর চালুকরণে সহায়তাকরণ, আইসিটি বিষয়ক পরামর্শ প্রদান, স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ পরিদর্শন, কম্পিউটার সিকিউরিটি ও ভাইরাস সচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সম্পাদন করে আসছে।

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার মানসে ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের মাধ্যমে রূপকল্প-২০২১ বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অগ্রণী ভুমিকা পালন করছে। টেকশই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মধ্য দিয়ে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করাসহ তথ্যপ্রযুক্তি খাতে অর্জন, SDG ও জিডিপি প্রবৃদ্ধিতে এ খাতের অবদান জনগণের মাঝে তুলে ধরার লক্ষ্যে প্রতিবছর ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস পালন করা হয়। এছাড়াও তথ্যপ্রযুক্তি খাতে সরকারের যাবতীয় উন্নয়ন কর্মকান্ড, উদ্ভাবনী উদ্যোগ, ই-সেবা প্রদান, আর্থসামাজিক অগ্রগতির চিত্র ইত্যাদি বিষয়ে অর্জিত সাফল্য তৃণমূল পর্যায়ে জনগণের কাছে তুলে ধরার জন্য প্রতি বছর দেশব্যাপী অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় আইসিটি বিভাগ বিশেষ গুরুত্বের সঙ্গে অংশগ্রহণ করে আসছে।

আমরা বিশ্বাস করি যে , আমাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১','টেকশই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবো ।

ধন্যবাদান্তে,

(নাজিমুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ডিমলা, নীলফামারী
মোবাইল-০১৭৩৭১৩৮৩২৩
nazib.tee@gmail.com